

## প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোহাম্মদ শাফায়েত হোসেন, বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৮৬ সালের ২১ জানুয়ারী তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, পাবনায় সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট পদে যোগদান করেন। তিনি বরিশাল সদরের সহকারী কমিশনার, (ভূমি) কুষ্টিয়া জেলার মীরপুর এবং দিনাজপুরের হাকিমপুরে ইউএনও হিসেবে নিয়োজিত ছিলেন। তিনি পাবনা ও ঢাকায় অতিরিক্ত জেলা প্রশাসক পদে নিয়োজিত ছিলেন।

জনাব শাফায়েত হোসেন ২০০৩ সালে উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি ২০০৩ হতে ২০০৬ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের প্রকল্প পরিচালক পদে নিয়োজিত ছিলেন। তিনি ২০০৬-২০০৭ সময়ে ঠাকুরগাঁও এবং ২০০৭ হতে ২০০৯ পর্যন্ত বরগুনার জেলা প্রশাসক ছিলেন। তিনি ২০০৯ হতে ২০১২ পর্যন্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসচিব পদে নিয়োজিত ছিলেন। তিনি ২০১২ সালে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি ২০১২ হতে ২০১৫ পর্যন্ত ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) এর পরিচালক নিয়োজিত ছিলেন। তিনি গত ২ ফেব্রুয়ারী ২০১৫ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে যুগ্মসচিব পদে যোগদান করেন।

জনাব শাফায়েত হোসেন ১৯৬০ সালে ঝিনাইদাহে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৮২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সমাজকল্যাণে অনার্স এবং ১৯৮৩ সালে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি বিবাহিত এবং দুই সন্তানের জনক। স্ত্রীর নাম বেগম বিলকিস বানু।